



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/ ৪২৬(১১)

তারিখ : ০৬/১১/১৪

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৩-১১-২০১৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৫৩৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তে বিদ্যালয়টি ০১-০১-২০১৪ তারিখ থেকে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

শর্তাবলী :

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA- আইন-২০০৫ অবশ্যই অনুসরণ করতে হবে।
- ৩। প্রাথমিক অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ৪। উক্ত মেয়াদের মধ্যে অস্থায়ী স্বীকৃতি পাওয়ার শর্ত পূরণে ব্যর্থ হলে প্রদত্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর.ও নং-১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৬। পত্র প্রাপ্তির সাথে সাথে বর্তমান কমিটি বাতিল বলে গণ্য হবে এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি গঠনপূর্বক অনুমোদনের জন্য অত্র বোর্ডে দাখিল করতে হবে। প্রতিষ্ঠাতা সদস্য কমিটির সভাপতি হবেন। (প্রতিষ্ঠাতা সদস্য সংক্রান্ত প্রামাণ্য কাগজপত্র অবশ্যই দাখিলকৃত কমিটির সাথে জমা দিতে হবে)।
- ৭। আগামী ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৮। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপত্রিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করতে হবে।
- ৯। বোর্ডের পূর্বনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না।
- ১০। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ত্রীড়া ও সংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে।
- ১১। বিদ্যালয়ের চারিদিকে ফলবান ও গুঁষাধি বৃক্ষ রোপন করতে হবে।
- ১২। লাইব্রেরীতে বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে। ছোটদের বাংলা পিডিয়া ও বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ প্রতিটি ০৩(তিন) কপি করে ক্রয় করতে হবে।
- ১৩। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী সচল কম্পিউটার থাকতে হবে।
- ১৪। দেয়াল পত্রিকা, স্কুল ম্যাগাজিন প্রকাশ করতে হবে।

(প্রফেসর আব্দুস ছালিম বিশ্বাস)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক

বর্ণমালা বিদ্যাপিঠ, উলাশী

ডাক : উলাশী, উপজেলা, শার্শা, জেলাঃ যশোর।

স্মারক নং- বিঅ-৬/ ৪২৬

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। জেলা প্রশাসক, যশোর।
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা উপজেলা।
- ৯। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
- ১০। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষিত কপি।

(প্রফেসর আব্দুস ছালিম বিশ্বাস)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর